

ধান গবেষণা ইনস্টিটিউটের পরিচালক হলেন ড. আনোয়ারুল ও রফিকুল



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) দুই কর্মকর্তাকে পরিচালক পদে পদোন্নতি দিয়েছে কৃষি মন্ত্রণালয়। গত বৃহস্পতিবার (জানুয়ারি) কৃষি মন্ত্রণালয়ের গবেষণা-৩ অধিশাখা থেকে এ সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়েছে।

পদোন্নতি প্রাপ্ত দুই কর্মকর্তা হলেন- ব্রি'র মৃত্তিকা বিজ্ঞান বিভাগের চিফ সায়েন্টিফিক অফিসার (সিএসও) ড. মো: রফিকুল ইসলাম এবং শস্যমান ও পুষ্টি বিভাগের চিফ সায়েন্টিফিক অফিসার (সিএসও) ড. মো. আনোয়ারুল হক। পদোন্নতিপ্রাপ্ত (রুটিন দায়িত্ব) ড. রফিকুল ইসলামকে পরিচালক গবেষণার দায়িত্ব দেয়া হয়েছে। আর ড. আনোয়ারুল হককে করা হয়েছে প্রশাসন ও সাধারণ পরিচর্যা বিভাগের পরিচালক (চলতি দায়িত্ব)।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে বলে অফিস আদেশে বলা হয়েছে।